ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের কর্মকর্তা ও কর্মচারীদেরকে বিভিন্ন ধরনের ঋণ সেবা প্রদানের লক্ষ্যে নীতিমালা প্রণয়নে বিবেচ্য বিষয়সমূহ এবং প্রণীত নীতিমালায় অথরিটির অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে আবেদনের সঙ্গে সংযুক্ত কাগজপত্রের বিবরণঃ

১. মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ২৪(৪) এ উল্লিখিত (গৃহনির্মাণ ঋণ, যানবাহন ঋণ, দুর্যোগকালীন ঋণ অথবা গুরুতর অসুস্থ থাকাকালীন চিকিৎসা সেবার জন্য বেতনের বিপরীতে ঋণ বা প্রভিডেন্ট ফান্ড ঋণ) নীতিমালা অনুমোদনের বিষয়ে অথরিটি বরাবর আবেদন করতে হবে;

২. উক্ত বিধিমালার বিধি ২৪(৪) এ উল্লিখিত ঋণ নীতিমালাসমূহ খাত ভিত্তিক আলাদা আলাদাভাবে প্রণয়ন করতে হবে;

৩. উক্ত বিধিমালার বিধি ৭(৫) অনুসারে পরিচালনা পর্ষদ কর্তৃক প্রণীত নীতিমালা সাধারণ পর্ষদে চূড়ান্তভাবে অনুমোদনের প্রমাণক দাখিল করতে হবে;

৪. মোটর সাইকেল/বাই সাইকেল ঋণ সুদ মুক্ত হবে এবং অন্যান্য ঋণের সুদের হার সাধারণভাবে ৪-৬% হবে;

৫. প্রতিষ্ঠানের সকল স্তরের কর্মকর্তা কর্মচারীর জন্য ঋণের সুদের হার অভিন্ন হবে;

৬. গৃহীত ঋণ মাসিক কিস্তিতে পরিশোধ করতে হবে। পরিশোধযোগ্য মাসিক কিস্তির পরিমাণ উল্লেখ করতে হবে;

৭. ঋণের কিস্তির পরিমাণ সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীর মাসিক বেতনের এক তৃতীয়াংশের বেশি হবে না;

৮. ঋণ আদায়ের পদ্ধতি সুনির্দিষ্ট হতে হবে;

৯. ঋণ পরিশোধের মেয়াদ উল্লেখ থাকতে হবে;

১০. প্রস্তাবিত ঋণের সিলিং সংশ্লিষ্ট পণ্য/সেবার বাজার মূল্যের সাথে সামঞ্জস্যতা, কর্মীর গ্রেড/পদবী এবং প্রতিষ্ঠানের সক্ষমতার ভিত্তিতে নির্ধারণ করতে হবে;

১১. ক্রীত যানবাহনটি সংস্থার নামে নিবন্ধন করা হলে নিবন্ধন খরচ সংস্থা বহন করবে। কর্মীর নামে নিবন্ধন করা হলে নিবন্ধন খরচ কর্মী বহন করবে;

১২. একজন কর্মী একসঙ্গে একাধিক যানবাহন ঋণ গ্রহণ করতে পারবে না;

১৩. যানবাহন ঋণ গ্রহণ করলে অফিসের পরিবহন সুবিধা নেয়া যাবে না;

১৪. অফিসে সংরক্ষিত থাকা অবস্থায় বা অফিসের কাজে ব্যবহারের সময় যানবাহন দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত হলে/চুরি/ডাকাতি/ছিনতাই হলে উপযুক্ত কর্মকর্তাদের সমন্বয়ে তদন্ত কমিটি গঠনপূর্বক তদন্ত কার্য সম্পাদন করতে হবে। তদন্তে সংশ্লিষ্ট কর্মী/কর্মকর্তার দায়িত্বে অবহেলা প্রমাণিত হলে সংঘটিত ক্ষয়ক্ষতি সংশ্লিষ্ট কর্মী/কর্মকর্তাকে করতে হবে। তবে কর্মী/কর্মকর্তার দায়িত্বে অবহেলা প্রমাণিত না হলে সংঘটিত ক্ষয়ক্ষতি সংস্থা বহন করবে;

১৫. যানবাহন ঋণের কিস্তি সম্পূর্ণ পরিশোধের পূর্বে বরখাস্ত/অব্যাহতি/পদত্যাগ ইত্যাদি কারণে চাকুরির অবসায়ন হলে সংশ্লিষ্ট কর্মী অবশিষ্ট ঋণের টাকা এককালীন পরিশোধপূর্বক উক্ত যানবাহন গ্রহণ করতে পারবেন। তবে কর্মী যানবাহন গ্রহণে অনিচ্ছুক হলে উক্ত সময় পর্যন্ত কর্মী কর্তৃক পরিশোধিত টাকা হতে অবচয়স্থিতি (সরকারি নিয়মানুযায়ী) বাদ দিয়ে অবশিষ্ট টাকা কর্মীকে ফেরত দিতে হবে;

১৬. যানবাহন রক্ষণাবেক্ষণ ভাতা গ্রহণকারী কর্মকর্তা সংশ্লিষ্ট যানবাহনের যাবতীয় ব্যয় (জ্বালানী ব্যয়সহ) নিজে বহন করবেন;

১৭. জ্বালানী ও রক্ষণাবেক্ষণ বাবদ ব্যয় বরাদ্দ প্রতিষ্ঠানের বাজেটের নির্ধারিত ছকে প্রদর্শিত হতে হবে;



১৮. কোন গ্রেডের/পদের কর্মকর্তাগণ যানবাহন রক্ষণাবেক্ষণ ভাতা প্রাপ্য হবেন তা নীতিমালায় উল্লেখ থাকতে হবে;

১৯. কার/জিপ ঋণের জ্বালানী ও রক্ষণাবেক্ষণ (মেইনটিন্যান্স এ্যালাউন্স) ভাতার সিলিং মাসিক ৫০,০০০/-টাকার বেশি হবে না;

২০. ঋণের অর্থে ক্রীত মোটর সাইকেল অফিসের কাজে ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারী প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী প্রযোজ্য জ্বালানী ভাতা প্রাপ্য হবেন;

২১. গৃহ নির্মাণ ঋণের ক্ষেত্রে সংশ্লিষ্ট স্থাবর সম্পত্তি প্রতিষ্ঠানের নামে মর্টগেজ এবং পাওয়ার অব এটর্নি প্রদান করতে হবে;

২২. ঋণ চুক্তিপত্র ৩০০/-টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করতে হবে;

২৩. কর্মকর্তা/কর্মচারী চাকুরী হতে অবসর গ্রহণ করলে বা চাকুরী হতে অপসারিত হলে রিটায়ারমেন্ট বেনিফিট এর সঙ্গে গৃহীত ঋণের অপরিশোধিত অর্থ সমন্বয় করা হবে;

২৪. নীতিমালার যে কোন অনুচ্ছেদ বা অংশ বিশেষ পরিবর্তনের ক্ষেত্রে প্রতিষ্ঠানের সাধারণ পর্ষদের অনুমোদন গ্রহণের পাশাপাশি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির পূর্বানুমোদন গ্রহণের বিধান নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে।